তারিখ 10 JUL 2017
পৃষ্ঠা ২-৬ কলাম ৬

যুগান্তর

# সাভারে সহকারী প্রধান শিক্ষক নিয়োগে দুর্নীতি : প্রতিবাদে অভিভাবকদের বিক্ষোভ

**যুগান্তর রিপোর্ট**, *সাভার*

সাভারে একটি বিদ্যালয়ে মেধার মূল্যায়ন না করে উৎকোচের বিনিময়ে সহকারী প্রধান শিক্ষক নিয়োগের অভিযোগ তুলে মানববন্ধন, বিক্ষোভ ও সমাবেশ করেছেন বিদ্যালয়টির অভিভাবকরা। লিখিত পরীক্ষায় প্রথম এবং দেশের শ্রেষ্ঠ বিদ্যাপীঠের ছাত্র হওয়ার পরও স্বজনপ্রীতি ও দুর্নীতির মাধ্যমে কম যোগ্যতাসম্পন্ন অপর একটি স্কুলের ধর্মীয় শিক্ষক প্রার্থীর নিয়োগ চূড়ান্ত করেছে আমিনবাজারে মিরপুর মফিদ-ই-আম স্কুল অ্যান্ড কলেজ পরিচালনা পর্ষদের একাংশ। এর প্রতিবাদে রোববার বিকালে বিদ্যালয়টির অভিভাবকরা মানববন্ধন, বিক্ষোভ ও সমাবেশে অংশ নেন।

বিক্ষোভ মিছিলটি আমিনবাজার আল আরাফা ইসলামী ব্যাংকের সামনে থেকে শুরু হয়ে বাসস্ট্যান্ডে মফিদ-ই-আম উচ্চবিদ্যালয়ের সামনে গিয়ে শেষ হয়। পরে তারা মানববন্ধন ও সমাবেশে মিলিত হন। সমাবেশে বক্তারা বলেন, অবিলম্বে উৎকোচের বিনিময়ে নিয়োগ বাতিল করে যোগ্যতাসম্পন্ন শিক্ষক নিয়োগ দেয়া হোক। তারা বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক কৃতী ছাত্র এবং ধানমণ্ডিতে অপর একটি বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক হিসেবে দীর্ঘদিন চাকরিরত মুসফিকুর রহমান খান লিখিত পরীক্ষায় প্রথম হয়েছেন। তিনি যোগ্যপ্রার্থী। কিন্তু ম্যানেজিং কমিটির একটি অংশ টাকার বিনিময়ে কম যোগ্যতাসম্পন্ন সাভারে কোণ্ডা উচ্চবিদ্যালয়ের ধর্মীয় শিক্ষক রবীন্দ্রনাথ দাসের নিয়োগ চূড়ান্ত করেছে। তারা আরও বলেন, ম্যানেজিং কমিটির বিদ্যোৎসাহী সদস্য ও আওয়ামী লীগ নেতা আখিল খন্দকার সাবেক উপজেলা শিক্ষা অফিসার সৈয়দ শাহরিয়ার মেনজিসের যোগসাজশে অর্থের বিনিময়ে এ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। তবে মুঠোফোনে আখিল খন্দকার এ অভিযোগ সত্য নয় বলে দাবি করেন। অভিভাবকরা পরে একটি স্মারকলিপি বিদ্যালয়ের অধ্যক্ষ আবদুল মালেকের কাছে প্রদান করেন। এ সময় অভিভাবকদের মধ্যে উপস্থিত ছিলেন অ্যাডভোকেট লায়ন বশির আহমেদ, ইউনিয়ন মুক্তিযোদ্ধা কমান্ডার শওকত আলী, অ্যাডভোকেট ফরহাদুল হক, কৃষক লীগ নেতা বশির আহমেদ, চান মিয়া মেম্বর এবং আল বেরুনী প্রমুখ।